ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)
(শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি প্রতিষ্ঠান)
বিসিক ভবন (৫ম তলা), ১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
web: smcif.portal.gov.bd

নং-৩৬.০০.০০০০.০৬৫.১১.০০৩.১৫/869 তারিখঃ ০৬ /১১/২০২২খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

আয় থেকে ব্যয়ের মাধ্যমে পরিচালিত (ঋণ বিতরণের মাধ্যমে অর্জিত মুনাফার অর্থে পরিচালিত) শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)-এর জেলা কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://smcif.teletalk.com.bd অথবা https://alljobs.teletalk.com.bd/smcif ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নিম্নে বর্ণিত পদের পার্শ্বে উল্লিখিত জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন, তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ঋণ তত্ত্বাবধায়ক | ২০ (বিশ) টি | ১১,৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, শরিয়তপুর, বাগেরহাট, মেহেরপুর, পাবনা, দিনাজপুর, কুড়িগ্রাম, রংপুর, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, শেরপুর ও নড়াইল। |
| ২ | হিসাবরক্ষক-তথা কোষাধ্যক্ষ | ২০ (বিশ)টি | ১১৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা, নারায়নগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, গোপালগঞ্জ, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, চুয়াডাঙ্গা, মাগুরা, সাতক্ষীরা, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, কক্সবাজার, ভোলা, পটুয়াখালী, বরিশাল, পঞ্চগড়, কুড়িগ্রাম, লালমনিরহাট, নাটোর ও রাজশাহী। |

২. **নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. **বয়সসীমা:**

- ১০ নভেম্বর ২০২২ তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যুনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ন্যুনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিল সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।

খ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত application form সহ সকল সনদের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

জ. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

ঝ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://smcif.teletalk.com.bd অথবা https://smcif.portal.gov.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০ নভেম্বর, ২০২২ সকাল ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০ ডিসেম্বর, ২০২২ বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা ও যথার্থতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি (Picture) এবং স্বাক্ষর (Signature) upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। *যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিনছবি, নির্ভুলতথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।* **প্রার্থীর প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।**

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-২ নং পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (**তিনশত** টাকা মাত্র) এবং **অনলাইন ফি বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকা অফেরতযোগ্য মোট ৩৩৪ /- (তিনশত চৌত্রিশ) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

**প্রথম SMS:** SMCIF<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SMCIF ABCDEF

Reply: Applicant's Name, TK- 334 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SMCIF<space>YES<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** SMCIF<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SMCIF YES 123456

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for SMCIF Application for Post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:/SMCIF.teletalk.com.bd অথবা www.SMCIF.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:** SMCIF<space>Help<space>USER<space>USER ID & Send to 16222.

Example: SMCIF HELP USER ABCDEF

ii. **PIN Number জানা থাকলে:** SMCIF<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: SMCIF HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) এর Website:** https://smcif.portal.gov.bd এ **বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে।** অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ **পরীক্ষার** তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://smcif.portal.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. **অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা** alljobs.query@teletalk.com.bd বা smcifheadoffice@gmail.com **ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: SMCIF, Post Name: ***, Applicant's User ID ও Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. ডিক্লারেশন :

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৬/১১/২০২২

(কাজী সাখাওয়াত হোসেন)
নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ
ও
অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক),
শিল্প মন্ত্রণালয়।